

মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভায় কার্যবিবরনী

সভাপতি : জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।

তারিখ : ০৭/১০/২০২০,

সময় : ১০:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ, মিরপুর, কুষ্টিয়া।

উপস্থিত সদস্যগণের নামের তালিকা:

ক্রমিক নং	নাম, পদবী ও ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাব মোছাঃ মর্জিনা খাতুন, মহিলা-ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, পোড়াদহ ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, বারইপাড়া ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, ধুবইল ইউপি, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	স্বাক্ষরিত
৫	সংরক্ষিত মহিলা সদস্য, ০৪ নং ওয়ার্ড, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য	--
৬	উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া।	সদস্য সচিব	স্বাক্ষরিত

অদ্যকার সভায় মিরপুর উপজেলা পরিষদের প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া। এর সভাপতিত্বে সভার কাজ শুরু হয়। সভাপতির সম্মতিক্রমে উপজেলা শিক্ষা অফিসার, মিরপুর, কুষ্টিয়া। বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শোনান এবং কোন প্রকার সংশোধন ছাড়াই সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী উপজেলা শিক্ষা অফিসার পর্যায়ক্রমিকভাবে নিম্নোক্ত বিষয়গুলো উপস্থাপন করেন।

ক্রং নং	আগোচ্য বিষয়সমূহ	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	মিড-ডে-মিল চালু করা	প্রাথমিক বিদ্যালয়ে মিড-ডে-মিল চালু করা বর্তমান সরকারের শিক্ষা বিষয়ে অগ্রাধিকার দিয়েছেন। প্রাথমিকভাবে প্রতিটি ইউনিয়নে অন্তত ১টি বিদ্যালয়ে মিড-ডে-মিল চালু করতে হবে। এতে ব্যয়ের ৫০% অর্থ বিদ্যালয় ও ৫০% উপজেলা পরিষদের তহবিল থেকে ব্যয় করা যেতে পারে।	উপজেলা পরিষদ, উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়
২	বিদ্যালয়ের এস, এম সি কে শক্তিশালী ভূমিকা রাখা	বিদ্যালয়ের সকল প্রকার কার্য সম্পাদনের জন্য এস, এম সি কে শক্তিশালী ভূমিকা রাখা প্রয়োজন। সেইজন্য প্রতি মাসে অন্তত ০১ টি করে সভা ও সভার সিদ্ধান্তগুলো বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।	উপজেলা শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়
৩	সাংস্কৃতি বিষয়ক সামগ্রী সরবরাহ	বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের সাংস্কৃতিমনা করে গড়ে তুলতে হবে। এতে শিক্ষার্থীরা অনাকাঙ্খিত ও অসামাজিক কাজ থেকে বিরত থাকবে। এইজন্য সকল বিদ্যালয়ে সাংস্কৃতি বিষয়ক সামগ্রী সরবরাহ করা সিদ্ধান্ত গ্রহীত হয়।	উপজেলা পরিষদ

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষনা করেন।


 (মোছাঃ মর্জিনা খাতুন)
 মহিলা ভাইস-চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, মিরপুর, কুষ্টিয়া।।
 ও
 সভাপতি
 প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি
 মিরপুর, কুষ্টিয়া।।